দৈনিক ইত্তেফাক

তারিখ 07 SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ৬

# দেশে সাক্ষরতার হার ৭২.৩ শতাংশ

## —প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

সরকারের নানামুখী কর্মসূচির কারণে বাংলাদেশে বর্তমানে সাক্ষরতার হার ৭২.৩ শতাংশে দাঁড়িয়েছে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার।

৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে গতকাল বুধবার মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান। তিনি বলেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ তথ্য অনুযায়ী দেশের বর্তমান সাক্ষরতার হার ৭২.৩। বর্তমান সরকারের নানামুখী কর্মসূচির কারণে সাক্ষরতার হার উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

'সাক্ষরতা অর্জন করি, ডিজিটাল বিশ্ব গড়ি' —এই প্রতিপাদ্যকে সামনে রেখে বাংলাদেশে আগামীকাল ৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হবে।

মন্ত্রী বলেন, দেশের বিদ্যমান নিরক্ষর জনগোষ্ঠীকে কার্যকর জীবনদক্ষতা ভিত্তিক সাক্ষরতা প্রদান করার জন্য উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আওতায় সম্পূর্ণ সরকারি অর্থায়নে 'মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)' বাস্তবায়ন করা হচ্ছে। যার মাধ্যমে ৪৫ লাখ নিরক্ষর নারী-পুরুষকে জীবনদক্ষতাসহ মৌলিক সাক্ষরতা প্রদান করা হবে।

সাক্ষরতা দিবস উপলক্ষে রাজধানীর শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালায় সাংস্কৃতিক অনুষ্ঠানসহ উদ্বোধনী অনুষ্ঠান হবে।